

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd.com

স্মারক সংখ্যা : ৩৮.০০.০০০০.১১৮.০২৫.০৪.১৪-৪৬৪/৬৪(৫২০)


তারিখ : ০২ আশ্বিন ১৪২৬
২৭ সেপ্টেম্বর ২০১৯

বিষয় : ক্ষুদ্রে ডাক্তার কর্তৃক আগামী ২৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে সকল প্রাথমিক বিদ্যালয়ে বিশ্ব জলাতনক দিবস পালন।
সূত্র : স্বাস্থ্য অধিদপ্তর এর পত্র নং স্বাঃ অধিঃ/রোগনিঃ/জুনোটিক ডিজিজ/জলাতনক/২০১৯/৪৯৪০, তারিখ:২৯/০৮/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার অধীন দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে জলাতনক বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আগামী ২৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে বিশ্ব জলাতনক দিবস পালিত হবে। জলাতনক একটি মরণব্যাদি, এ রোগে মৃত্যুর হার শতভাগ। প্রতি মিনিটে একজন করে মানুষ এ রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করে এবং আক্রান্তদের শতকরা ৫০ ভাগই শিশু যাদের বয়স ১৫ এর নিচে। ২০২২ সালের মধ্যে জলাতনক মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখা, সিডিসি অপারেশনাল প্লানের জুনোটিক ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম কাজ করে যাচ্ছে। প্রতি বছর ২৮ সেপ্টেম্বর বিশ্বব্যাপী বিশ্ব জলাতনক দিবস পালিত হয় এবং বাংলাদেশের এ দিবসটি যথাযথভাবে উদযাপন করা হয়। বিশ্ব জলাতনক দিবস ২০১৯ এর এবারের প্রতিপাদ্য : Rabies: Vaccinate to Eliminate. সারাদেশে বিদ্যালয় সমূহে শিক্ষার্থীদের মাঝে জলাতনক বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে চলমান ক্ষুদ্রে ডাক্তার কার্যক্রমের মাধ্যমে বিশ্ব জলাতনক দিবস ২০১৯ উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, আগামী ২৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ক্ষুদ্রে ডাক্তার কার্যক্রমের মাধ্যমে বিশ্ব জলাতনক দিবস সুষ্ঠু ভাবে পালনপূর্বক এতৎসঙ্গে সংযুক্ত স্বাস্থ্য অধিদপ্তরের পত্রের মর্মানুসারে তাঁর আওতাধীন সকল উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনানুগ ----- পাতা।


২৭.৯.২০১৯
(কাওসার সাবিনা)
উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ৫৫০৭৪৯৩৭।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
(বিশ্ব জলাতনক দিবস পালনের দিনে বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের সার্বাধিক উপস্থিতি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।)
- ৪। উপজেলা শিক্ষা অফিসার (সকল)